দৈনিক সংবাদ

JUN. 07 2002

তারিখ ...
পৃঃ ৩ কলাম ২...

# চট্টগ্রামে কাল থেকে শুরু হচ্ছে ছাত্র ইউনিয়নের সুবর্ণ জয়ন্তীর আনুষ্ঠানিক নিবন্ধন প্রক্রিয়া

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ দেশের প্রগতিশীল ছাত্র আন্দোলনের অন্যতম পথিকৃৎ সংগঠন বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে শনিবার থেকে শুরু হচ্ছে বছরব্যাপী অনুষ্ঠানমালা। সংগঠনে সুবর্ণ জয়ন্তী উদযাপন পরিষদের উদ্যোগে এই অনুষ্ঠানের অংশ হিসেবে শনিবার বিকেল ৫টায় নগরীর বুড্ডিষ্ট ফাউন্ডেশন মিলনায়তনে শুরু হবে আনুষ্ঠানিকভবে নিবন্ধন প্রক্রিয়া।

উদযাপন পরিষদের চেয়ারম্যান বিশিষ্ট রাজনীতিক আবদুল্লাহ আল হারুন, আহ্বায়ক আবুল মোমেন ও সদস্য সচিব অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর এক বিবৃতিতে সংগঠনের সঙ্গে গত ৫০ বছর ধরে বিভিন্ন প্রক্রিয়ায় যারা সম্পৃক্ত ছিলেন, তাদের সবাইকে তাদের নাম নিবন্ধিত করার আহ্বান জানান। বিবৃতিতে নেতৃবৃন্দ শনিবার বুড্ডিষ্ট ফাউন্ডেশনে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে সবাইকে উপস্থিত থাকার আহ্বান জানান।